

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
আইডিএ-৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৯ আগস্ট, ২০১৭ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় “Digitizing Implementation Monitoring and Public Procurement Project (DIMAPPP)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ৫৫ (পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে কান্ট্রি ডিরেক্টর Mr. Qimiao Fan ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অধীন সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কর্তৃক প্রকল্পটি জুলাই ২০১৭-জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হবে।

এ প্রকল্পের আওতায় সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)-কে restructuring করে Authority তে রূপান্তরিত করা ও ই-জিপি সিস্টেমকে প্রাতিষ্ঠানিক রূপ দান করা; সরকারি ক্রয় কার্যক্রমকে ডিজিটাইজড করার মাধ্যমে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানকে ই-জিপি পদ্ধতির আওতায় আনা; সরকারি প্রতিষ্ঠানসমূহের ক্রয় ব্যবস্থাপনার উন্নয়নের জন্য ক্রয় কার্যক্রম ও ই-জিপি ব্যবহারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি কর্মকর্তা এবং দরদাতাদের প্রশিক্ষণ ও ক্রয় কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান এবং প্রকল্পসমূহকে ডিজিটাল ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে পরিবীক্ষণ করার লক্ষ্যে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে শক্তিশালী করা হবে।

বিশ্বব্যাংককে ঋণের Disbursed Amount এর ওপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। Undisbursed Amount-এর ওপর ০.৫০% হারে Commitment Fee প্রদান করতে হয় তবে, বিশ্বব্যাংক বিগত কয়েক বছর ধরে Commitment Fee স্থগিত রেখেছে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে সরকারি ক্রয় কার্যক্রমকে ত্বরান্বিত করার পাশাপাশি ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার মাধ্যমে “ডিজিটাল বাংলাদেশ” বিনির্মাণে আরও এক ধাপ অগ্রগতি সাধিত হবে।

K. Fah
29.8.17

(মোহাম্মদ খালেদ-উর-রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯১৪৫৪৬২